গাংনীতে ডায়াগনষ্টিক সেন্টারের মালিকের হাতে হাসপাতালের চিকিৎসক লাঞ্চিত

দায়িত্ব পালন করা অবস্থায় মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার এস এম তানভির আহমেদকে লাঞ্চিত করেছেন এইচ এম ডায়াগনষ্টিক সেন্টারের মালিক দেলোয়ার হোসেন মিঠু।

আজ সোমবার দুপুরে গাংনী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে এ ঘটনা ঘটে। অভিযুক্ত দেলোয়ার হোসেন মিঠু গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক। অভিযোগ রয়েছে মিঠুর মালিকানাধীন এইচ এম ডায়াগনষ্টিক সেন্টারটির কোন সরকারি অনুমোদন নেই।

এঘটনার পর ওই চিকিৎসক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেছেন। অভিযোগের একটি কপি মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে এসে পৌছেছে। ঘটনার পর থেকে অতিরিক্ত পুলিশ হাসপাতালে মোতায়েন ছিল।

লিখিত অভিযোগ থেকে জানা গেছে, উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এস এম তানভীর আহমেদ হাসপাতালে বহি:বিভাগের ১০৯ নং রুমে রোগীর সেবা প্রদান করছিলেন। সেবা প্রদান কালীন সময়ে এইচ এম ভায়াগনস্টিক সেন্টারের দেলোয়ার হোসেন মিঠুসহ তার ৫ থেকে ৬ জন দালাল বাহিনি নিয়ে অনুমতি বিহীন জোর করে রুমে প্রবেশ করেন। কোন কারণ ছাড়াই অনেক রোগীর সামনে সরকারী কাগজ ছিড়ে ফেলে অপমান, অকথ্য ভাষায় গালিগালাজ ও শারিরীকভাবে লাঞ্চিত করেন। পেও বের হয়ে আসার সময় খুন, গুম করার হুমকি দেন। এবং মোবাইল ফোন দিয়ে ভডিও ও ছবি তুলে সামাজিক মাধ্যম ফেসবুক ও কিছু মিডিয়াতে অপপ্রচার করেন। অভিযোগে আরো উল্লেখ করা হয়েছে, এইচ এম ডায়াগনষ্টিক সেন্টার অনিবন্ধিত। ওই প্রতিষ্ঠানটির কিছু সংখ্যক দালাল হাসপাতালের জরুরী বিভাগ সহ বিভিন্ন বিভাগে প্রায় প্রতিদিনই সেবা প্রদানে বিঘ্ন ঘটায় যা গত কয়েক মাসের হাসপাতাল সিসি ফুটেজ ক্যামেরায় সংগৃহিত রয়েছে।

তবে অভিযুক্ত দেলোয়ার হোসেন মিঠু বলেন, ডায়াগনষ্টিক সেন্টারের মালিক হিসেবে নয় হাসপাতালে গিয়েছিলাম নাগরিক হিসেবে। একজন

ভিক্ষুককে চিকিৎসক তানভির অনেকগুলো টেস্ট দিয়েছেন তার প্রতিবাদ করেছি।

এ ব্যাপারে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রিয়াজুল আলম জানান, এ সংক্রান্ত একটি অভিযোগ পেয়েছি। অভিযোগ পাওয়ার পর পুলিশকে জানালে হাসপাতালে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়। হাসপাতাল ক্যাম্পাসে বহিরাগতরা এ ধরণের আচরণ করতে পারেন না। আগামিকাল এ বিষয়ে তদন্ত কমিটি করা হবে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর ব্যবস্থা নেওয়া হবে।

আরো পড়ুন:
গাংনীতে প্রতিবন্ধীদের আর্থিক সহায়তা প্রদান

কৃত্রিম সংকট তৈরি করে সাতদিনেই ৪ গুণ দাম বৃদ্ধি

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর ১৫ বোতল ফেন্সিডিলসহ মজনু(৩৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে শনিবার রাতে মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক মজনু শেখ সদর উপজেলার বুড়িপোতা ঈদগাহ পাড়ার মৃত মোজাম্মেল শেখ এর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামীর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে অসামাজিক কার্যকলাপের অভিযোগে ৩ জন আটক

মেহেরপুরে অসামাজিক কার্যকলাপের অভিযোগে ২ তরুনী সহ যুবককে আটক করেছে পুলিশ। শনিবার শহরের মল্লিকপাড়ার নুরজাহান নামের একজনের বাড়ি থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো, মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের আব্দুল এর ছেলে আরিফুল(২৮), চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার আটকবর পশ্চিম পাড়ার মুনসুর এর মেয়ে পলি খাতিন(২২) ও মুজিবনগর উপজেলার বাগোয়ান গ্রামের মোনাজাত এর মেয়ে মৌসুমী খাতুন।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, মেহেরপুর শহরের মল্লিক পাড়ায় থেকে স্থানীয়দের সংবাদের ভিত্তিতে তাদের আটক করা হয়েছে। অসামাজিক কার্যকলাপের অভিযোগে মামলা দায়ের করার প্রস্তুতি চলছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুর কারাগারে কয়েদীর মৃত্যু

মেহেরপুর জেলখানায় আটক একটি খুনের মামলার আসামি লিয়াকত হোসেন মৃত্যুবরণ করেছেন। শনিবার ভোরের দিকে লিয়াকত আলি হঠাৎ করে অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়ার পর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

লিয়াকত আলী চুয়াডাঙ্গার ইসলামপাড়ার আকবর আলী মন্ডল এর ছেলে। লিয়াকত আলীর দ্বিতীয় স্ত্রী তহুরা খাতুন জানান, চুয়াডাঙ্গার

ডিঙ্গেদহ গ্রামের আলম হত্যার পলাতক আসামি ছিল। প্রায় এক যুগ আগে ওই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছিল। সে থেকে লিয়াকাত তার দ্বিতীয় স্ত্রী তহুরার বাড়ি গাংনী উপজেলার হিজল বাড়িয়া গ্রামে অবস্থান ছিল।

গোপন সূত্রে খবর পেয়ে গাংনী থানার পুলিশ প্রায় ২২দিন আগে তাকে আটক করে,পরে মেহেরপুর আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। লিয়াকত আলীর ২ স্ত্রী,৩ ছেলে ৫ মেয়ে রয়েছে।

মেহেরপুরের জেলার সৈয়দ হাসান জানান, ভোরের দিকে হঠাৎ করে অসুস্থ হয়ে পড়ার পর তাকে হাসপাতালে নেয়া হলে সেখানে তার মৃত্যু হয়। তিনি আরো জানান ময়না তদন্ত শেষে তার লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

মুজিবনগরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগরে ২৫০শ গ্রাম গাঁজাসহ নাজিম(৫৫) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে শুক্রবার দিবাগত রাতে রামনগর থেকে তাকে আটক করা হয়।

আটক নাজিম উদ্দীন মুজিবনগর উপজেলার রামনগর গ্রামের মৃত ছুরমান মন্ডলের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আটক আসামী নাজিম উদ্দীনের বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তার বিরুদ্ধে আরও দুইটি মাদক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব এর উপদেষ্টা ও নির্বাহী কমিটির সভা

ঢাকাস্থ মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব এর উপদেষ্টা ও নির্বাহী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকাল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত ঢাকার অদুরে পূর্বাচলের একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সভাপতি জনাব সেলিম আহমেদ।

সভায় মুখ্য আলোচক ছিলেন মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সাধারণ সম্পাদক জনাব এমএএস ইমন।

আলোচনায় অংশগ্রহন করেন ক্লাবের সিনিয়র সহ সভাপতি জনাব আহসান হাবিব, সহ সভাপতি জনাব বুলবুল আহমেদ, সহ সভাপতি জনাব শাহিনুজ্জামান, সহ সভাপতি এডভোকেট মাহমুদুর রহমান মিলন, অর্থ সম্পাদক জনাব মাসুদ রেজা, নির্বাহী পরিচালক জনাব বিকলুস আহমেদ ।

এছাড়া উপস্থিত ছিলেন সংগঠনের সম্মানিত উপদেষ্টা মেহেরপুর ২ আসনের সাবেক সাংসদ জনাব আঃ গনি, এডভোকেট আঃ সালাম, রফিকুল ইসলাম পথিক, সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব আবু হেনা ও জনাব লিটন।

মুক্ত আলোচনায় অংশগ্রহন করেন ক্লাবের যুগ্ম সম্পাদক এমএম নুর ইসলাম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক সাখাওয়াত হোসেন পিন্টু, শারমিন রত্না, তসলিমা আক্তার, ডলার শেখ, নয়ন ওসমান, দেলোয়ার হোসেন, জামিলুর রহমান সহ আরও অনেকে।

সভায় ক্লাবের পূর্ববতী কাজের মূল্যায়ন এবং পরবর্তী পরিকল্পনা সম্পর্কে প্রানবন্ত আলোচনা হয়। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ক্লাবের মুখপাত্র সিনিয়র সহকারী জজ মিল্টন এইচ বিশ্বাস।

আমঝুপি ইউনিয়ন যুবলীগের বিশেষ আলোচনা সভা

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন আওয়ামী যুবলীগের বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বিকালে আমঝুপি নীলকুঠি প্রাঙ্গণে বিশেষ আলোচনা সভায় সভাপতিত্ব করেন আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি শামসুজ্জামান চমন। ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম তারিকের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন, আওয়ামী লীগ নেতা আবু সিদ্দিক মন্টু, বারাদি ইউনিয়ন যুবলীগের সভাপতি এস আই রিঙ্কু মাহমুদ, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম ও সাধারণ সম্পাদক রায়হান উদ্দিন মন্টু, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি সদস্য আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম সবুজ, সদর থানা ছাত্রলীগের সাবেক যুগ্মসাধারণ সম্পাদক ইমন, ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি সাহাবুল ইসলাম, ওয়ার্ড যুবলীগের সভাপতি সভাপতি আবু সিদ্দিক পচা, আরিফুল ইসলাম আরিফ,নাসিবুল ইসলাম, আব্দুর রশিদ, রেজাউল হক মুকুল, ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক,, পান্না, হাফিজুর রহমান মিঠু, তিতাস, প্রমুখ।
এসময় আমঝুপি ইউনিয়ন যুবলীগের প্রতিটি ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ভোট সুষ্ঠ হলে আবারও চেয়ারম্যান হবো – – আখের

উজ্জামান

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ ইতিমধ্যে শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব। পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান আখের উজ্জামান। সাক্ষাতকার গ্রহণ করেছেন আমাদের নিজস্ব প্রতিনিধি পলাশ আহমেদ। আজকের সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আপনার সিদ্ধান্ত কি?

আখের উজ্জামানঃ আপনারা জানেন আমি গত নির্বাচনে বিএনপি দল থেকে ভোট করে নির্বাচিত হয়েছি।জনগন আমাকে ভালোবেসে ভোট দিয়ে এই চেয়ার আমাকে উপহার দিয়েছে যদি জনগন যদি আবারও চাই আর ভোট যদি সুষ্ঠ হয় তাহলে আবার নির্বাচন করে চেয়ারম্যান হবো।

মেহেরপুর প্রতিদিন: আপনার দল বি এন পি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে কোন নির্দেশনা দিয়েছে কি না?

আখের উজ্জামানঃ কোন নির্দেশনা আসেনি তবে বাংলাদেশের কিছু কিছু যায়গা তে নির্বাচন হচ্ছে সেখানে বিএনপি প্রার্থী আছে সেই ক্ষেত্রে আশা করি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনেও বিএনপি থাকবে।

মেহেরপুর প্রতিদিনঃ জনগন কে দেওয়া প্রতিশ্রুতি কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেনঃ
আখের উজ্জামানঃ আমি নির্বাচিত হওয়ার পর রাস্তা ঘাট মসজিদ মাদ্রাসা স্কুল বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধি ভাতা, থেকে শুরু করে করোনা কালিন সময় ১০ কেজি,১৫ কেজি,৩০ কেজি চাউল, শিশুদের জন্য দুধ সকল প্রকারজিনিস অসহায় মানুষের দারে পৌছে দিয়েছি।আমার ইউনিয়ন পরিষদের বরাদ্দ খুবই সল্প সেই সল্পতা থেকে আমি সকলকে সন্তস্ট রাখার চেষ্টা করেছি।

মেহেরপুর প্রতিদিন: আপনি আপনার দল বিএনপির কাছে থেকে নোমেনেশন পাওয়ার ব্যাপারে কতটুকু আশাবাদি?

আখের উজ্জামানঃ আমি দলের দুর্দিনে পাশে আছি। এবং বর্তমান ক্ষমতাশালী দলের বিপক্ষে নির্বাচন করে চেয়ারম্যান হয়েছি। জনগনের ভালোবাসা আস্থা আমার উপর আছে। সেই সুবাদে আমি মনে করি আমার দল আগামী নির্বাচনে আমাকেই নোমেনেশন দিবে।নোমেনেশন পেয়ে নির্বাচনে আসলে আমার বিশ্বাস জনগন আমাকে আবার চেয়ারম্যান নির্বাচিত করবেন।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?
আখের উজ্জামান: আমার ধানখোলা ইউনিয়নকে একটি মডেল ইউনিয়ন হিসেবে গড়ে দুলতে চাই। উন্নয়নের কোন কিছুর কমতি নেই। আমার পরিকল্পনা আছে আবার যদি নির্বাচিত হয় তাহলে ইউনিয়ন পরিষদ ভবনের পাশে যে যায়গা আছে সেখানে বড় করে একটা মার্কেট স্থাপন করবো। এবং ইউনিয়ন পরিষদের সর্বচ্চ সেবা মানুষের ঘরে ঘরে পৌছে দিতে চাই।

ভোরের কাগজের জেলা প্রতিনিধি হলেন রুপক

বহুল প্রচারিত জাতীয় দৈনিক ভোরের কাগজের মেহেরপুর জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পেলেন মর্তুজা ফারুক রুপক।

গতকাল বৃহস্পতিবার দৈনিক ভোরের কাগজের নিয়োগপত্রসহ পরিচয়পত্র হাতে পান তিনি। মর্তুজা ফারুক রুপক মেহেরপুরের একমাত্র দৈনিক মেহেরপুর প্রতিদিন এর চীফ রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করছেন এবং মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সদস্য। পেশাগত দায়িত্ব পালনে তিনি আরো একধাপ এগিয়ে গেলেন। তার এ ধারাবাহিকতা রক্ষায় মেহেরপুরের সকল শ্রেণী পেশা মানুষের সহযোগীতা কামনা করেছেন।

ভোরের কাগজের জেলা প্রতিনিধি হিসেবে নিয়োগ পাওয়ায় মেহেরপুর প্রতিদিন পরিবারেরর পক্ষ থেকে তাঁকে অভিনন্দন। অভিনন্দন জানিয়েছেন প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

আমার বিশ্বাস দল আমাকে মূল্যায়ন করবে — শাহজামান (ভিডিও সহ)

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যানসহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশীরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দৌড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে মেহেরপুর প্রতিদিন এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক সাক্ষাতকার পর্ব। এ পর্বে মেহেরপুর প্রতিদিন এর মুখোমুখি হয়েছিলেন সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান শাহজামান।

সাক্ষাতকার গ্রহণ করেন আমাদের প্রধান প্রতিবেদক এম এফ রুপক। সাক্ষাতকারের চুম্বক অংশ এখানে তুলে ধরা হলো।

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রার্থী হওয়ার ব্যাপারে কি ভাবছেন?

শাহজামান: ২০১৬ সালের এপ্রিলের দিকে বুড়িপোতা ইউপিসহ সদর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। আমি বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করি। ঐ নির্বাচনে আমি ব্যাপক ভোটে নির্বাচিত হই। ইতোমধ্যে সাড়ে চার বছর যাবত চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছি। পুনরায় নির্বাচন চলে আসলো। আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে আমিও আমার মত করে প্রস্তুতি নিচ্ছি।

মেহেরপুর প্রতিদিন: আগামী নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ার ব্যাপারে কতটুকু আশাবাদী ?

শাহজামান: আমি বাংলাদেশ আওয়ামী লীগের বুড়িপোতা ইউনিয়ন শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছি। সেই সাথে প্রায় সাড়ে চার বছর যাবত চেয়ারম্যান হিসেবে আছি। আমি নির্বাচনের আগে জনগণকে যে আশা প্রত্যাশা দিয়ে নির্বাচনের মাঠে নেমেছিলাম, তার আশি ভাগ আমি

বাস্তবায়ন করতে পেরেছি। আমাদের মেহেরপুর-১ আসনের এমপি ও বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর সহযোগীতায় আমরা উন্নয়নমূলক অনেক কাজ করতে পেরেছি। যেগুলোর মধ্যে এখনো কিছু কাজ চলমান রয়েছে। সবমিলিয়ে বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান হিসেবে যথাযথ দায়িত্ব পালন করতে পেরেছি বলে আমি মনে করি। তাই আশাবাদী আগামী নির্বাচনে দলীয় সমর্থন আমি পাবো।

মেহেরপুর প্রতিদিন: বিএনপি বা স্বতন্ত্র কোন প্রার্থী নির্বাচনে অংশ গ্রহণ করলে কেমন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচন হবে বলে মনে করেন?
শাহজামান: নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না থাকলে নির্বাচন মানায় না। প্রতিযোগীতার মাধ্যমে ঠিক নেতৃত্ব উঠে আসুক এটাই আমি চাই। আমি চেয়ারম্যানের দায়িত্ব পালনকালে সুখে দুখে জনগণের পাশে থাকার চেষ্টা করেছি। আমি সাধারণ মানুষ হিসেবে তাদের সাথে মিশে খাদেম হিসেবে কাজ করেছি। আমার মনে হয় আমার প্রতি জনগণের একটা আস্থা রয়েছে। সেই জায়গাটা আমি তৈরি করতে পেরেছি। দলীয় মনোনয়ন পেয়ে নির্বাচনে প্রার্থী হলে জনগণ আমাকে বিপুল ভোটে জয়ী করবে বলে আমি আশা করি।

মেহেরপুর প্রতিদিন: বিগত নির্বাচনের প্রতিশ্রুতি গুলো কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন?

শাহজামান: বিগত নির্বাচনে আমার যে প্রতিশ্রুতি দেওয়া ছিল তার ৮০ ভাগ বাস্তাবায়ন করতে পেরেছি। আগামী কয়েক মাস এখনো সময় আছে এরমধ্যে আরও কিছু কাজ করতে পারবো বলে আশা করছি। আমার ইউনিয়নের রাস্তাগুলোর কাজ প্রায় শেষ। অল্প কিছু বাকি আছে। সেগুলোও অল্প সময়ের মধ্যে শেষ করা হবে। আমাদের ইউনিয়নের প্রতি আমাদের জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের একটি সুদৃষ্টি আছে। প্রতিটি ক্ষেত্রেই ব্যাপক উন্নয়ন হয়েছে।

মেহেরপুর প্রতিদিন: আগামীতে জয়ী হলে কি কি করতে চান?

শাহজামান: আমার ইউনিয়নে দুইটা বড় কাজ এখনো বাকি আছে। আমাদের রাধাকান্তপুর ও রাজাপুরে ব্রিজ এবং প্রতি বছর বর্ষায় আমাদের মাঠের ফসল ডুবে যাচ্ছে। খননের মাধ্যমে পানি নিষ্কাশন ব্যবস্থা করা। ইতোমধ্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী আমাদের আশ^◌াস দিয়েছেন আগমী বাজেটে রাধাকান্তপুর ব্রিজটি। এর পরেই রাজাপুর ব্রিজটি হবে ইনশাআল্লাহ।

পানি নিষ্কাশনের বিষয়ে ইতোমধ্যে পানি উন্নয়ন বোর্ডের আঞ্চলিক অফিসের সাথে যোগাযোগ করা হয়েছে। প্রতিমন্ত্রী সাহেবের নির্দেশে অতি দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থাটি করতে পারবো বলে আশা করছি। সব মিলিয়ে বুড়িপোতা ইউনিয়নকে একটি মডেল হিসেবে প্রতিষ্ঠিত করতে চাই।

মেপ্র/এমএফআর